# উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়
## ঢাকা বিশ্ববিদ্যালয়
## বিজ্ঞপ্তি

স্মারক নং উবি-০৬/২০০৭/২০২৫-২২৬৮১

তারিখ: ১৯ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
০৩ সেপ্টেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

**বিষয়: ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি প্রসঙ্গে।**

**উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থী ও সম্মানিত অভিভাবকবৃন্দকে জানানো যাচ্ছে যে, নিম্নে উল্লিখিত নির্দেশনা ও সময়সূচি অনুযায়ী ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে:**

১। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকা হতে প্রেরিত ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীর তালিকা উদয়নের ওয়েবসাইট **(www.udayan.edu.bd)** -এ ০৭ সেপ্টেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ রবিবার দুপুর ১২:০০ মিনিটে প্রকাশ করা হবে এবং ঐ তালিকা থেকে প্রত্যেক শিক্ষার্থী তার নিজ **Student ID** সংগ্রহ করবে।

২। Student ID দিয়ে লগইন করে **০৭/০৯/২০২৫ খ্রিষ্টাব্দ রবিবার দুপুর ১২:০০ মিনিট থেকে ১০/০৯/২০২৫ খ্রিষ্টাব্দ বুধবার বিকাল ০৫:০০** মিনিটের মধ্যে অনলাইনে ফরমপূরণ এবং পেমেন্ট সম্পন্ন করতে হবে।

**লগইন পদ্ধতি:** উদয়নের ওয়েবসাইট **(www.udayan.edu.bd)**-এর **Admission** মেনু হতে **XI Apply Online** বাটনে ক্লিক করে **Student ID** এর ঘরে শিক্ষার্থীর নিজ **Student ID** এবং **EIIN/College Code** এর ঘরে **1906** বসিয়ে লগইন করতে হবে। অনলাইনে ভর্তি ফরম এর সকল তথ্য পূরণ করে **Submit** করে **Payment** বাটনে ক্লিক করে (মোবাইল ব্যাংকিং / ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড / সোনালী ব্যাংক অ্যাকাউন্ট)- এর মাধ্যমে অনলাইনে পেমেন্ট করতে হবে। অনলাইনে পূরণকৃত ভর্তিফরম ও পেমেন্ট রশিদের কপি ডাউনলোড করার পর প্রিন্ট করে সংগ্রহ করতে হবে। এছাড়াও একাদশ শ্রেণিতে ভর্তির জন্য উদয়নের ওয়েবসাইট **(www.udayan.edu.bd)**-এ সরবরাহকৃত পিডিএফ **অভিভাবক তথ্যফরম** প্রিন্ট করে প্রয়োজনীয় তথ্যাবলী স্বহস্তে পূরণ করে স্বাক্ষর করতে হবে।

৩। পেমেন্টের পরিমাণ: ভর্তি ফি (সেশন ফি ও উন্নয়ন ফি) ৭,৫০০ টাকা (সরকার নির্ধারিত), এক মাসের বেতন ২,০০০ টাকা এবং এক মাসের আইসিটি ফি ২০০ টাকা (মোট = ৯,৭০০ টাকা) + অনলাইন ফরমপূরণ চার্জ + ব্যাংক চার্জ।

৪। **নিম্নলিখিত সময়সূচি অনুযায়ী প্রয়োজনীয় কাগজপত্র জমা নেওয়া হবে:**

| তারিখ ও বার | সময় | বিজ্ঞান বিভাগ | ব্যবসায় শিক্ষা বিভাগ |
|---|---|---|---|
| ১১/০৯/২০২৫ খ্রিষ্টাব্দ বৃহস্পতিবার | সকাল ৯:০০ থেকে দুপুর ১:০০ পর্যন্ত | কক্ষ নম্বর ১০৮ | কক্ষ নম্বর ১০৭ |

**প্রয়োজনীয় কাগজপত্র:**

ক) ডাউনলোডকৃত ভর্তি ফরম।
খ) অনলাইনে পেমেন্ট প্রদানের প্রিন্টকৃত পেমেন্ট স্লিপ ২ কপি।
গ) এসএসসি পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর মূলকপি এবং এর ২টি ফটোকপি।
**(একাডেমিক ট্রান্সক্রিপ্টের প্রয়োজনীয় সংখ্যক ফটোকপি শিক্ষার্থীকে তার নিজের ভবিষ্যৎ প্রয়োজনের জন্য সংরক্ষণ করতে হবে।)**
ঘ) এসএসসি পরীক্ষার প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ড এর ফটোকপি ২ কপি করে।
ঙ) এসএসসি পরীক্ষার প্রশংসাপত্রের ফটোকপি-২ কপি।
চ) শিক্ষার্থীর জন্মসনদের ফটোকপি ১ কপি।
ছ) অভিভাবকের (পিতা-মাতা উভয়ের) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি ১ কপি করে।
জ) **Freedom Fighter, EQ-1, EQ-2 ও SQ কোটায় ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রত্যয়নপত্রের ফটোকপি (প্রত্যয়নপত্রের মূলকপি দেখাতে হবে)।**
ঝ) অভিভাবক তথ্য ফরম (পূরণকৃত)।

উপর্যুক্ত প্রয়োজনীয় কাগজপত্র জমা দেওয়ার সময় পেমেন্ট স্লিপের একটি কপিতে কলেজ কর্তৃপক্ষ কর্তৃক সিলমোহর ও স্বাক্ষরসহ নিশ্চায়নপূর্বক ড্রেসকোড, ডায়েরি, বুকলিস্ট, একাডেমিক ক্যালেন্ডার ও উবি মনোগ্রাম সংগ্রহ করতে হবে।

৫। ভর্তির প্রয়োজনে যোগাযোগের নম্বর: একাডেমিক প্রয়োজনে: ০১৭১৫-৪৪৪৫৫৪ (বিজ্ঞান বিভাগ), ০১৫৫০-৫৫১২৩২ (ব্যবসায় শিক্ষা বিভাগ)
টেকনিক্যাল প্রয়োজনে: ০১৭১৫-৩২৭৯২২, ০১৬২৭-৯৪৫২৬৪

স্বাক্ষরিত/
মুহাম্মদ আরিফুর রহমান
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

আইসিটি বিভাগ
১। মুকুল কুমার সরকার, সহকারী অধ্যাপক
২। মোজাম্মেল হক, প্রভাষক

মোঃ আসাদুল আলম, সহকারী অধ্যাপক
সমন্বয়কারী, উচ্চ মাধ্যমিক শাখা

উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

ঢাকা বিশ্ববিদ্যালয়

# বিজ্ঞপ্তি

স্মারক নং উবি-০৬/২০০৭/২০২৫-২২৪৯৪

তারিখ: ১২ শ্রাবণ, ১৪৩২ বঙ্গাব্দ
২৭ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিচ্ছু (এইচএসসি-২০২৭) সকল শিক্ষার্থী, সম্মানিত অভিভাবক, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণির (এইচএসসি-২০২৭) শিক্ষার্থীদের ফিসমূহ নিম্নরূপ:

## একাদশ শ্রেণির বেতন ও অন্যান্য ফি

| | |
|---|---|
| ১। বার্ষিক সেশন ফি | ৫,০০০/- |
| ২। বার্ষিক উন্নয়ন ফি | ২,৫০০/- |
| ৩। মাসিক বেতন | ২,০০০/- |
| ৪। মাসিক আইসিটি ল্যাব ফি | ২০০/- |
| ৫। পরীক্ষা ফি (অর্ধ-বার্ষিক ও বার্ষিক) প্রতি টার্ম | ১,৫০০/- |
| ৬। সিলেবাস, ডায়েরি, আইডি কার্ড ও মনোগ্রাম | ৪০০/- |
| ৭। নবীনবরণ ফি (বার্ষিক) | ৫০০/- |
| ৮। বার্ষিক বিজ্ঞানাগার ফি (শুধু বিজ্ঞান বিভাগের জন্য) | ১,৫০০/- |
| ৯। স্কাউট ফি (বার্ষিক) | ২০০/- |
| ১০। বোর্ড রেজি: ফি | (বোর্ড কর্তৃক নির্ধারিত) |

২৭/০৭/২০২৫

মুহাম্মদ আরিফুর রহমান
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

মুহাম্মদ আরিফুর রহমান
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়
ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকা
ঢাকা-১০০০

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো:

১। সমন্বয়কারীবৃন্দ:
- (ক) মোঃ আসাদুল আলম, সহকারী অধ্যাপক (উচ্চ মাধ্যমিক শাখা)
- (খ) মোঃ আবুল হোসেন বেপারী, প্রভাষক (মাধ্যমিক শাখা)
- (গ) মোসাঃ নাসিমা খাতুন, প্রভাষক (প্রাথমিক শাখা)
- (ঘ) মোঃ রুহুল আমীন, প্রভাষক (ইংরেজি ভার্সন)
- (ঙ) নিতীশ কুমার সাহা, সহকারী অধ্যাপক (অভ্যন্তরীণ পরীক্ষা)

২। অফিস কপি (প্রশাসন)

৩। হিসাবরক্ষণ কর্মকর্তা

৪। নোটিশ বোর্ড

৫। আইসিটি বিভাগ

৬। ওয়েবসাইট (www.udayan.edu.bd)

উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়
ঢাকা বিশ্ববিদ্যালয়
কলেজ কোড-১৯০৬ , ফোন: ০২-৪৪৮৬৫০৭৫
EIIN: 108355

## অভিভাবক তথ্য ফরম

[সম্মানিত অভিভাবককে নিজ হাতে পূরণ করতে হবে]

১।

| শিক্ষার্থীর নাম: | | শ্রেণিশিক্ষক কর্তৃক পূরণীয় | |
|---|---|---|---|
| শ্রেণি: | বিভাগ: | শাখা: | রোল: |

২।

| শিক্ষার্থীর এসএসসি রোল: | এসএসসিতে প্রাপ্ত জিপিএ: | পাশের সন: |
|---|---|---|
| রেজিস্ট্রেশন নম্বর: | শিক্ষাবর্ষ: | |

৩। **অভিভাবকের তথ্য:**

**(ক) মাতা:**

| | | |
|---|---|---|
| নাম: | | |
| শিক্ষাগত যোগ্যতা: | | |
| পেশা: | পদবী: | মোবাইল নম্বর: |
| কর্মস্থলের ঠিকানা: | | |
| স্থায়ী ঠিকানা: | | |
| বর্তমান ঠিকানা: | | |
| হোয়াট্সঅ্যাপযুক্ত মোবাইল নম্বর: | | |

**(খ) পিতা:**

| | | |
|---|---|---|
| নাম: | | |
| শিক্ষাগত যোগ্যতা: | | |
| পেশা: | পদবী: | মোবাইল নম্বর: |
| কর্মস্থলের ঠিকানা: | | |
| স্থায়ী ঠিকানা: | | |
| বর্তমান ঠিকানা: | | |
| হোয়াট্সঅ্যাপযুক্ত মোবাইল নম্বর: | | |

**(গ) স্থানীয় অভিভাবক (পিতা-মাতা ঢাকার বাইরে অবস্থান করলে):**

| | | |
|---|---|---|
| নাম: | | শিক্ষার্থীর সাথে সম্পর্ক: |
| শিক্ষাগত যোগ্যতা: | | |
| পেশা: | পদবী: | মোবাইল নম্বর: |
| কর্মস্থলের ঠিকানা: | | |
| স্থায়ী ঠিকানা: | | |
| বর্তমান ঠিকানা: | | |
| হোয়াট্সঅ্যাপযুক্ত মোবাইল নম্বর: | | |

**অঙ্গীকারনামা: আমার সন্তানের প্রয়োজনে এবং তার শিক্ষা কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রাখার জন্য প্রতিষ্ঠান কর্তৃক আয়োজিত বিভিন্ন সভায় উপস্থিত থেকে সহযোগিতা করবো।**

**অভিভাবকের স্বাক্ষর ও তারিখ:**

| মাতা: | পিতা: | স্থানীয় অভিভাবক: |
|---|---|---|
| | | |



শিক্ষকগণের নির্দেশনায় আইসিটি ল্যাবে অনুশীলনরত একাদশ শ্রেণির শিক্ষার্থীদের একাংশ



শিক্ষকগণের নির্দেশনায় পদার্থবিজ্ঞান ল্যাবে অনুশীলনরত একাদশ শ্রেণির শিক্ষার্থীদের একাংশ



শিক্ষকগণের নির্দেশনায় রসায়ন ল্যাবে অনুশীলনরত একাদশ শ্রেণির শিক্ষার্থীদের একাংশ



শিক্ষকগণের নির্দেশনায় জীববিজ্ঞান ল্যাবে অনুশীলনরত একাদশ শ্রেণির শিক্ষার্থীদের একাংশ

"হও জ্ঞানের দিশারী, সেবা দাও দিগন্তপ্রসারী"



# প্রস্‌পেক্‌টাস

(একাদশ-দ্বাদশ শ্রেণি)

[বি:দ্র: ভর্তির পূর্বে অবশ্যই এই প্রস্‌পেক্‌টাস পড়ে আসতে হবে ।]

ওয়েবসাইট: **www.udayan.edu.bd**

শিক্ষাই আলো

ঢাকা বিশ্ববিদ্যালয়

প্রতিষ্ঠা: ১৯৫৫

## উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়


ঢাকা বিশ্ববিদ্যালয়

স্কুল কোড : ১১৮৮, কলেজ কোড : ১৯০৬, EIIN : ১০৮৩৫৫

৩/৩ ফুলার রোড, ঢাকা - ১০০০

ফোন : ০২-৪৪৮৬৫০৭৫

স্থাপিত : ১৯৫৫ খ্রিষ্টাব্দ

## অধ্যক্ষের বাণী



**উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে একাদশ শ্রেণিতে ভর্তিচ্ছু প্রিয় শিক্ষার্থী এবং সম্মানিত অভিভাবকবৃন্দ-**

আপনাদেরকে আন্তরিক সালাম ও শুভেচ্ছা জানাই। উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ঢাকা বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত দেশের একটি অন্যতম সেরা শিক্ষা প্রতিষ্ঠান। ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে মনোরম পরিবেশে অবস্থিত এ প্রতিষ্ঠানটি ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য এর সরাসরি তত্ত্বাবধানে যাবতীয় কার্যক্রম সুনিপুণভাবে পরিচালিত হচ্ছে। পাবলিক পরীক্ষাসমূহে ধারাবাহিকভাবে ঈর্ষণীয় ফলাফলের পাশাপাশি মানবিক মূল্যবোধ সম্পন্ন মানুষ ও দক্ষ মানব সম্পদ তৈরির মাধ্যমে প্রতিষ্ঠানটি একাধিকবার জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ শিক্ষাপ্রতিষ্ঠান নির্বাচিত হওয়ার গৌরব অর্জন করেছে। একাডেমিক শিক্ষার পাশাপাশি নানাবিধ সহশিক্ষা কার্যক্রমে আশাতীত ফলাফল লাভ করে ইতোমধ্যে প্রতিষ্ঠানটি জাতীয় ও আন্তর্জাতিক পরিমন্ডলে ব্যাপক সুনাম অর্জন করেছে। উপরন্তু ঢাকা বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরে এবং বুয়েট ও ঢাকা মেডিকেল কলেজের পাশে অবস্থিত হওয়ায় প্রতিষ্ঠানটি শিক্ষার্থীদের মাঝে নতুন নতুন স্বপ্ন জাগ্রত করে। সর্বোপরি দক্ষ প্রশাসনিক ব্যবস্থাপনা, উন্নতমানের ল্যাব এবং অভিজ্ঞ শিক্ষকদের ঐকান্তিক প্রচেষ্টা এবং সম্মানিত অভিভাবকদের সহযোগিতা প্রতিষ্ঠানটিকে আলোকিত মানুষ তৈরির একটি নির্ভরযোগ্য ঠিকানা হিসাবে প্রতিষ্ঠিত করেছে।

**অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)**

## প্রতিষ্ঠান পরিচিতি

'উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়' ঢাকা বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত একটি খ্যাতনামা শিক্ষাপ্রতিষ্ঠান। ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্যের নেতৃত্বে বিজ্ঞপরিচালনা পর্ষদের সুদক্ষ পরিচালনায় প্রতিষ্ঠানের যাবতীয় কার্যক্রম সুচারুভাবে পরিচালিত হচ্ছে। 'Dhaka English Preparatory School' নামে ১৯৫৫ খ্রিষ্টাব্দে নবাব ফয়জুন্নেছার দানকৃত জমিতে বিদ্যালয়টি প্রথম প্রতিষ্ঠিত হয়। ১৯৭২ খ্রিষ্টাব্দে বিদ্যালয়টির নাম পরিবর্তন করে রাখা হয় 'উদয়ন বিদ্যালয়'। ১৯৯৯ খ্রিষ্টাব্দে কলেজে উন্নীত হওয়ায় বিদ্যালয়টির নাম পরিবর্তন করে রাখা হয় 'উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়'। প্রতিষ্ঠানটি একাধিকবার জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচিত হওয়ার গৌরব অর্জন করেছে। একাডেমিক শিক্ষা ও সহশিক্ষা কার্যক্রম বিষয়ে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে শ্রেষ্ঠত্ব প্রমাণ করে প্রতিষ্ঠানটি ইতোমধ্যে সকলের নজর কেড়েছে।

## প্রতিষ্ঠানের বিশেষত্ব

- অত্যাধুনিক ও সুপরিসর শ্রেণিকক্ষ
- ২০২৫ খ্রিষ্টাব্দে UNESCO কর্তৃক Education for Sustainable Development Chalk Art প্রতিযোগিতায় বিশ্বের বিভিন্ন দেশের ১৫০টিরও বেশি টিমের মাঝে ২য় স্থান অর্জন।
- Multimedia শ্রেণিকার্যক্রম।
- অত্যাধুনিক আইসিটি ল্যাব।
- সমৃদ্ধ পাঠাগার।
- International Standard Laboratory
- অভিজ্ঞ ও দেশে-বিদেশে প্রশিক্ষণ /ডিগ্রিপ্রাপ্ত শিক্ষকমন্ডলি কর্তৃক পাঠদান।
- জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ প্রতিষ্ঠান হিসেবে পুরস্কারপ্রাপ্ত।
- পাসের হার শতভাগ।
- ২০২২ ও ২০২৪ খ্রিষ্টাব্দে থানা পর্যায়ে শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান (কলেজ ক্যাটাগরি) হিসেবে পুরস্কার প্রাপ্ত।
- উল্লেখযোগ্য সংখ্যক শিক্ষার্থী বুয়েট, মেডিকেল ও ঢাকা বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ পায়।
- CCTV Camera দ্বারা নিয়ন্ত্রিত।
- সহশিক্ষায় পাঠদান।
- ধূমপান ও রাজনীতি মুক্ত।
- একাডেমিক ফলাফল ও আর্থিক কার্যক্রম অনলাইনের (Sheba-র) মাধ্যমে পরিচালিত।
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের সরাসরি তত্ত্বাবধানে পরিচালিত।
- ২০০৯ খ্রিষ্টাব্দে British Council কর্তৃক International School Award প্রাপ্ত।

## প্রতিষ্ঠানের একাদশ শ্রেণির বিভিন্ন বিভাগের বিষয়ের বিবরণ:

আবশ্যিক বিষয়সমূহ (সকল শাখার জন্য):

১। বাংলা
২। ইংরেজি
৩। আইসিটি

### শাখাভিত্তিক বিষয়সমূহ

| বিজ্ঞান বিভাগ | |
|---|---|
| **ক) আবশ্যিক বিষয়:** | **খ) নৈর্বাচনিক বিষয়+ঐচ্ছিক বিষয়: (১, ২ ও ৩ এর মধ্যে যে কোন ১টি)** |
| ১। পদার্থবিজ্ঞান<br>২। রসায়ন | ১। উচ্চতর গণিত + জীববিজ্ঞান<br>২। জীববিজ্ঞান + উচ্চতর গণিত<br>৩। উচ্চতর গণিত + পরিসংখ্যান |

| ব্যবসায় শিক্ষা বিভাগ | |
|---|---|
| ক) আবশ্যিক বিষয়: | **খ) নৈর্বাচনিক বিষয় + ঐচ্ছিক বিষয়: (১ ও ২ এর মধ্যে যে কোন ১টি)** |
| ১। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা | ১। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন + পরিসংখ্যান |
| ২। হিসাববিজ্ঞান | ২। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন + ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা |

## ভর্তির নিয়মাবলি

১। ভর্তির যোগ্যতা:
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক চূড়ান্তভাবে অত্র প্রতিষ্ঠানে নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তি করা হবে।

২। উচ্চ মাধ্যমিক শ্রেণিতে ভর্তি হওয়ার সময় এসএসসি পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও প্রশংসাপত্র, একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি এবং সদ্য তোলা পাসপোর্ট সাইজের শিক্ষার্থীর দুই কপি, পিতার দুই কপি এবং মাতার দুই কপি রঙিন ছবি (ব্যাকগ্রাউন্ড সাদা) জমা দিতে হবে।

৩। সকল শাখায় ভর্তিকৃত শিক্ষার্থীদের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট বিদ্যালয় অফিসে জমা থাকবে এবং এইচএসসি পরীক্ষা পাশ করার পরই ট্রান্সক্রিপ্ট ফেরত দেয়া হবে। একাডেমিক ট্রান্সক্রিপ্ট ভুয়া প্রমাণিত হলে ভর্তি বাতিল হয়ে যাবে।

## একাদশ ও দ্বাদশ শ্রেণির বেতন ও অন্যান্য ফি

| | |
|---|---|
| ১। বার্ষিক সেশন ফি | ৫,০০০/- |
| ২। বার্ষিক উন্নয়ন ফি | ২,৫০০/- |
| ৩। মাসিক বেতন | ২,০০০/- |
| ৪। মাসিক আইসিটি ল্যাব ফি | ২০০/- |
| ৫। পরীক্ষা ফি (অর্ধ-বার্ষিক ও বার্ষিক) প্রতি টার্ম | ১,৫০০/- |
| ৬। সিলেবাস, ডায়েরি, আইডি কার্ড ও মনোগ্রাম (বার্ষিক) | ৪০০/- |
| ৭। নবীনবরণ ফি (বার্ষিক) | ৫০০/- |
| ৮। বার্ষিক বিজ্ঞানাগার ফি (শুধু বিজ্ঞান বিভাগের জন্য) | ১,৫০০/- |
| ৯। স্কাউট ফি (বার্ষিক) | ২০০/- |
| ১০। বোর্ড রেজি: ফি | (বোর্ড কর্তৃক নির্ধারিত) |

## প্রতিষ্ঠানের নিয়ম শৃঙ্খলা সংক্রান্ত নির্দেশাবলি

শৃঙ্খলা উন্নতির সোপান। শিক্ষার্থীদের ব্যক্তিগত উন্নতি ও প্রাতিষ্ঠানিক উন্নতির জন্য শৃঙ্খলাবিধি মেনে চলা অপরিহার্য। নিয়মিত শ্রেণিকার্যক্রমে অংশগ্রহণ, মনোযোগের সাথে পাঠগ্রহণ, ড্রেসকোড মেনে চলা, বিদ্যালয় কর্তৃক প্রদত্ত পরিচয়পত্র সঙ্গে রাখা, কোনো অবস্থাতেই মোবাইল ফোন না আনা, সর্বোপরি বিদ্যালয়ের সার্বিক শৃঙ্খলাবিধি মেনে চলা শিক্ষার্থীদের জন্য Code of Conduct হিসেবে বিবেচিত হবে।

## শ্রেণিকার্যক্রমের সময়সূচি

**বিজ্ঞান বিভাগ– সকাল ৭:৪০ মিনিট হতে দুপুর ১:০০ মিনিট পর্যন্ত এবং**

**ব্যবসায় শিক্ষা বিভাগ- সকাল ৭:৪০ মিনিট হতে দুপুর ১২:২০ মিনিট পর্যন্ত**

## প্রাতিষ্ঠানিক পরীক্ষা এবং শ্রেণিকার্যক্রম সংক্রান্ত নিয়মাবলি

* পাঠ শেষে ধারাবাহিক মূল্যায়ন
* একাদশ শ্রেণিতে ১টি অর্ধ-বার্ষিক ও ১টি বার্ষিক পরীক্ষা এবং প্রত্যেক পরীক্ষার পূর্বে ১/২টি বিশেষ অনুশীলন।
* দ্বাদশ শ্রেণিতে ১টি প্রাক্-নির্বাচনি ও ১টি নির্বাচনি পরীক্ষা এবং প্রত্যেক পরীক্ষার পূর্বে ১/২টি বিশেষ অনুশীলন।
* নির্বাচনি পরীক্ষার পর উচ্চ মাধ্যমিক পরীক্ষার প্রস্তুতিমূলক পরীক্ষা।
* অর্ধ-বার্ষিক, বার্ষিক, প্রাক্-নির্বাচনি ও নির্বাচনি পরীক্ষার সাথে ধারাবাহিক মূল্যায়ন ও বিশেষ অনুশীলনের নম্বর থেকে ২০ নম্বর যোগ হবে। অর্থাৎ প্রত্যেক বিষয়ের প্রতি পত্রের মোট নম্বর ১২০।
* কোনো শিক্ষার্থী একাদশ শ্রেণিতে অকৃতকার্য হলে তাকে কোনক্রমেই দ্বাদশ শ্রেণিতে উত্তীর্ণ করা হবে না।
* কোনো শিক্ষার্থী ৭৫% এর কম কিন্তু ৬০% এর বেশি উপস্থিত থাকলে নন-কলেজিয়েট হিসেবে গণ্য হবে।
* কোনো শিক্ষার্থী ৬০% এর কম উপস্থিত থাকলে তাকে ডিস-কলেজিয়েট এবং পরীক্ষায় অংশগ্রহণের অযোগ্য ঘোষণা করা হবে।
* ভালো ফলাফলের পাশাপাশি ১০০% উপস্থিতির জন্য শিক্ষার্থীদের আকর্ষণীয় পুরস্কার প্রদান করা হবে।

## শিক্ষা সহায়ক কার্যক্রম

একাডেমিক শিক্ষার পাশাপাশি বিভিন্ন ক্লাব ও সংসদের মাধ্যমে শিক্ষা সহায়ক কার্যক্রম পরিচালনা করা হয়। যেমন-

* সকালের সমাবেশ (Assembly)
* বার্ষিক ক্রীড়া অনুষ্ঠান
* বিজ্ঞান মেলা ও অলিম্পিয়াড
* বার্ষিক দু'য়া অনুষ্ঠান
* সাংস্কৃতিক অনুষ্ঠান ও প্রতিযোগিতা
* ২১শে ফেব্রুয়ারি প্রভাত ফেরিতে অংশগ্রহণ
* তাইকোয়ান্দো ও জুডো-কারাত কাব ইত্যাদি
* উপস্থিত বক্তৃতা: বাংলা
* উপস্থিত বক্তৃতা: ইংরেজি
* বিতর্ক প্রতিযোগিতা: বাংলা/ইংরেজি
* আবৃত্তি ও রচনা প্রতিযোগিতা
* বার্ষিক পুরস্কার বিতরণী
* বিভিন্ন জাতীয় দিবস পালন
* বৃক্ষরোপণ
* চিত্রাংকন অনুশীলন, জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে অংশগ্রহণ
* বিখ্যাত ব্যক্তি ও কবি সাহিত্যিকদের জীবনী এবং জীবনাদর্শ আলোচনা
* দেয়াল পত্রিকা. ত্রৈমাসিক পত্রিকা, উদয়ন বার্তা ও বার্ষিক ম্যাগাজিন প্রকাশ
* নবীনবরণ, বিদায় সংবর্ধনা ইত্যাদি অনুষ্ঠানের আয়োজন
* শিক্ষা সফর, বনভোজন, ঐতিহাসিক স্থান পরিদর্শন, বিনোদনমূলক স্থানে গমন
* বিদ্যালয়ের ঐতিহ্যবাহী ব্যান্ডের মাধ্যমে শরীরচর্চা প্রদর্শন
* গার্লস গাইড ও বয়েজ স্কাউট নিয়ে বিভিন্ন অনুষ্ঠানে অংশগ্রহণ ইত্যাদি
* আন্তর্জাতিক পর্যায়ে বিভিন্ন অনুষ্ঠানে অংশগ্রহণ যেমন: British Council Bangladesh কর্তৃক পরিচালিত Connecting Classrooms Project, UNESCO ও JICA-এর তত্ত্বাবধানে পরিচালিত বিভিন্ন অনুষ্ঠান